যুগান্তর

প্রিন্ট: ১১ আগস্ট ২০২৫, ১০:৪২ এএম

সারাদেশ

# কুমিল্লা বোর্ডে ফল পরিবর্তন ৮৪৪ জনের

যুগান্তর প্রতিবেদন

প্রকাশ: ১০ আগস্ট ২০২৫, ০১:১২ পিএম




X

চলতি বছরের এসএসসি ও সমমান পরীক্ষার উত্তরপত্র পুনঃনিরীক্ষণের ফল প্রকাশিত হয়েছে। কুমিল্লা মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডে ফল পরিবর্তন হয়েছে ৮৪৪ জনের। নতুন করে জিপিএ-৫ পেয়েছেন ৬৭ জন।

রোববার সকালে পুনঃনিরীক্ষণের ফল প্রকাশিত হয়। সকাল ১০টায় একযোগে দেশের ৯টি সাধারণ শিক্ষা বোর্ড, মাদ্রাসা ও কারিগরি শিক্ষাবোর্ডের ওয়েবসাইটে এই ফল জানানো হয়েছে।

কুমিল্লা বোর্ডে ৩৫ হাজার ৫৩১ জন শিক্ষার্থী ফল পুনঃনিরীক্ষণের আবেদন করেছিলেন। মোট ৭৫ হাজার ৮৭৭টি খাতা চ্যালেঞ্জ করেছিলেন। ৮৪৪ জন শিক্ষার্থীর ফল পরিবর্তন হয়েছে। ফেল থেকে পাস করেছেন ১৯০ জন। নতুন করে জিপিএ-৫ পেয়েছেন ৬৭ জন।

২০২৫ সালে এসএসসি পরীক্ষায় ফলাফল তুলনামূলক খারাপ করেছে শিক্ষার্থীরা। বিগত ১৬ বছরের মধ্যে পাসের হার সর্বনিম্ন হয়েছে। বোর্ড সূত্রে জানা গেছে, সারাদেশের ৯টি সাধারণ বোর্ড, মাদ্রাসা ও কারিগরি বোর্ড মিলিয়ে এবারের এসএসসি ও সমমান পরীক্ষায় ৬ লাখ ৬৬০ জন শিক্ষার্থী অকৃতকার্য হয়েছে। এর মধ্যে ছাত্র ৩ লাখ ২৪ হাজার ৭১৬ জন এবং ছাত্রী ২ লাখ ৭৫ হাজার ৯৪৪ জন।

জিপিএ-৫ পাওয়া শিক্ষার্থীর সংখ্যাও কম। ফলে এবার বিপুলসংখ্যক শিক্ষার্থী পুনঃর্নিরীক্ষণের আবেদন করেছে। অনেকে দুই বা তার বেশি বিষয়ের খাতা চ্যালেঞ্জ করে আবেদন করেছে। শুধুমাত্র ঢাকা মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ডে দুই লাখ ২৩ হাজার ৬৬৪টি খাতা চ্যালেঞ্জ করেছে শিক্ষার্থীরা।

X